**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 12-06-24** **Desk in Charge :**

**Time : 7-50 PM** **Compiling :**

**Morning /Day /Evening National/ Regional/ General**

**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

## বিশেষ বিশেষ খবর –

১/ রাজ্যে শিল্প বিনিয়োগে গতি আনতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আগামীকাল শিল্প মহলের সঙ্গে বৈঠকে বসছেন।

২/ চলতি রবি মরশুমে প্রতিকূল আবহাওয়ার দরুণ ফসল নষ্ট হওয়ায় রাজ্য সরকার, ২'লক্ষ ১০ হাজার কৃষককে আজ ২৯৩ কোটি টাকা অর্থ সাহায্য দিয়েছে।

৩/ কুয়েতে অগ্নিকান্ডে বেশ কয়েকজন ভারতীয় সহ ৪০ জনের বেশী প্রাণহানির ঘটনায় সেখানে থাকা বাংলার পরিযায়ী শ্রমিকদের খোঁজখবর নেওয়ার কাজ শুরু করেছে রাজ্য সরকার ।

৪/ দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু একই জায়গায় থমকে থাকায় দক্ষিণবঙ্গে ভ্যাপসা গরম ও অস্বস্তিকর আবহাওয়া থেকে এখনই রেহাই মিলবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

# এই পরিস্থিতিতে রাজ্য সরকার, বিদ্যালয় কর্তৃপক্ষকে প্রয়োজনে সময়সূচী পরিবর্তন করে সুবিধামতো পঠন-পাঠন চালাতে বলেছে।

৫/ মালদার মানিকচকে এক শিশুর বার্ড-ফ্লু ভাইরাসে আক্রান্ত হওয়ার ঘটনায় বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও রাজ্য স্বাস্থ্য দপ্তরের প্রতিনিধিদল আগামীকাল সেখানে যাচ্ছে।

*****************************************************************

রাজ্যে শিল্প বিনিয়োগে গতি আনতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আগামীকাল শিল্প মহলের সঙ্গে বৈঠকে বসছেন। নবান্ন সভাঘরে আগামীকাল বিকেলের ওই বৈঠকে রাজ্য সরকারের সংশ্লিষ্ট বিভিন্ন দফতর ছাড়াও বিভিন্ন শিল্পপতি, বণিক সভার প্রতিনিধিদের ডাকা হয়েছে। প্রশাসনিক সূত্রে জানা গেছে, লোকসভা ভোটের কারণে অন্যান্য ক্ষেত্রের মত রাজ্যের শিল্প ও বিনিয়োগের বিভিন্ন প্রকল্প ব্যাহত হয়েছে। নতুন শিল্প স্থাপনে উৎসাহ দিতে চালু হওয়া একাধিক ইনসেনটিভ প্রকল্পের সুবিধাও থমকে গেছে নির্বাচনী আচরণবিধির কারণে। শিল্প সংস্থাগুলি যাতে দ্রুত ও যথাযথ ভাবে ওই সুবিধা পায় তা নিশ্চিত করতে আরো একবার নির্দেশ দিতে পারেন মুখ্যমন্ত্রী।

উল্লেখ্য, চলতি বছরের নভেম্বরে রাজ্যে বিশ্ব বঙ্গ বাণিজ্য সম্মেলনের আসর বসবে। আগামীকালের বৈঠক থেকেই তার প্রস্তুতি শুরু করে দিতে চায় রাজ্য।

********************

চলতি রবি মরশুমে প্রতিকূল আবহাওয়ার দরুণ ফসল নষ্ট হওয়ায় রাজ্য সরকার, ২'লক্ষ ১০ হাজার কৃষককে আজ ২৯৩ কোটি টাকা অর্থ সাহায্য দিয়েছে। বাংলা শস্য বীমা প্রকল্পের আওতায় এই সুবিধা দেওয়া হয়েছে বলে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ জানিয়েছেন। কৃষক বন্ধু নতুন প্রকল্পে, রাজ্যের এক কোটি পাঁচ লক্ষের বেশী কৃষক ও বর্গাদারদের ২'হাজার ৯০০ কোটি টাকার অর্থ সহায়তা ছাড়াও আলাদাভাবে এই টাকা সরাসরি কৃষকদের অ্যাকাউন্টে পাঠিয়ে দেওয়া হচ্ছে।

নিজের এক্স হ্যান্ডেলে মুখ্যমন্ত্রী লিখেছেন, ২০1৯ সালে সূচনার পর থেকে এ'পর্যন্ত ৩'হাজার ১৩৩ কোটি টাকা কৃষকদের কাছে পৌঁছে গেছে।

********************

সুন্দরবনের জল-মাটির ক্রমবর্ধমান লবনাক্ত হওয়ার প্রবণতা আটকাতে রাজ্য সরকার দীর্ঘমেয়াদি পরিকল্পনা নিচ্ছে। সাম্প্রতিক কালে একাধিক ঘূর্ণিঝড় ও ভারী বৃষ্টির কারণে নদীর নোনাজল গ্রামের ভিতরে প্রবেশ করেছে। যে কারণে কৃষিকাজ ও মৎস্যচাষ ব্যাহত হয়েছে। এই প্রবণতা আটকাতে রাজ্যের সেচ

দফতর ত্রিমুখী পরিকল্পনা নিতে চলেছে। বিভাগীয় সচিব প্রভাত কুমার মিশ্র জানিয়েছেন, সুন্দরবনের উত্তরাংশ থেকে মিষ্টি জলের সরবরাহ বাড়াতে প্রায় ৭০০ কিলোমিটার সেচ খাল পলিমুক্ত করা হয়েছে। নোনাজলের ভ্যানামই চিংড়ির পরিবর্তে মিষ্টি জলের চিংড়ি চাষে উৎসাহ দেওয়া হচ্ছে। 'জল ধরো জল ভরো' প্রকল্পের আওতায় বৃষ্টির জল ধরে রাখার উপযুক্ত পরিকাঠামো তৈরি করা হচ্ছে বলেও তিনি জানান। একই সঙ্গে বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় সুন্দরবনে ম্যানগ্রোভ সৃজনের জন্য যে কর্মসূচি নেওয়া হয়েছে তার মাধ্যমেও আগামী দিনে প্লাবনের আশঙ্কা কমবে। যা দীর্ঘ মেয়াদী ভাবে সুন্দরবনকে লবন মুক্ত করতে সহায়ক হবে বলে সেচ সচিব আশাপ্রকাশ করেন। তিনি বলেন, নতুন ভাবে নদীতে যে মাটির বাঁধ দেওয়া হচ্ছে তার উপর ম্যানগ্রোভ চারা রোপণ করা হচ্ছে। ফলে ওই বাঁধের জলধারণ ক্ষমতা অনেক বাড়ছে।

*******************

সবরকম পরিস্থিতি অনুকূল থাকলে আগামী বছরের গোড়ার দিকেই ঘাটাল মাস্টার প্ল্যান কনস্ট্রাকশনের কাজ শুরু করা হবে বলে ঘাটালের সাংসদ দীপক অধিকারী ওরফে দেব জানিয়েছেন। আজ এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, আগামী আট মাসের মধ্যে ঘাটাল মাস্টার প্ল্যানের টেন্ডার ডাকার পরিকল্পনা রয়েছে। পাঁচ বছরের মধ্যে কাজ শেষ করা হবে। তার আগে প্রকল্পের কাজ সম্পন্ন করা যায় কিনা, তাও বিবেচনা করে দেখা হচ্ছে।

এব্যাপারে সেচ দপ্তরের সঙ্গে আলোচনা হয়েছে বলে তিনি জানান।

*******************

কুয়েতে আজ এক অগ্নিকান্ডে বেশ কয়েকজন ভারতীয় সহ ৪০ জনের বেশী প্রাণহানির ঘটনায় রাজ্য সরকার, কর্মসূত্রে সেখানে থাকা বাংলার পরিযায়ী শ্রমিকদের খোঁজখবর নেওয়ার কাজ শুরু করেছে।

ইতিমধ্যেই মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকাকে দিল্লিতে রেসিডেন্ট কমিশনারের মাধ্যমে বিদেশ মন্ত্রকের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখতে বলা

হয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ সন্ধ্যায় নিজের এক্স হ্যান্ডলে এ' বিষয়ে সব ধরনের সঠিক পদক্ষেপ নেওয়ার নির্দেশ দেন।
উল্লেখ্য কুয়েতের দক্ষিণ ম্যানগাফ জেলার একটি শ্রমিক আবাসনে আজ আগুন লাগলে এখনও পর্যন্ত ৪১ জনের মৃত্যু  হয়েছে বলে খবর। আহত অনেকেই।

*******************

কলকাতা হাইকোর্ট, বকেয়া মহার্ঘ্যভাতার দাবীতে আন্দোলনরত সংগ্রামী যৌথ মঞ্চের আহ্বায়ক ভাস্কর ঘোষকে আইনী 'রক্ষা কবচ' দিয়েছে।
গ্রেপ্তারির উদ্দেশ্যে তাঁর বিরুদ্ধে মিথ্যে মামলা দায়ের করা হয়েছে বলে দাবী। এরপরই হাইকোর্টের দ্বারস্থ হন তিনি। বিচারপতি অমৃতা সিন্‌হা জানিয়েছেন, আদালতের নির্দেশ ছাড়া ভাস্করকে গ্রেপ্তার করা যাবেনা, তবে পুলিশ নিজেদের মতো তদন্ত চালিয়ে যেতে পারবে। অভিযোগকারীর মেডিক্যাল রিপোর্ট জমা দেবার'ও নির্দেশ দিয়েছেন বিচারপতি।
১৮'ই জুলাই এই মামলার পরবর্তী শুনানির দিন স্থির হয়েছে।

*******************

কোচবিহার উত্তর বিধানসভার ঢাংডিংগুড়ি গ্রাম পঞ্চায়েত বিজেপির হাতছাড়া হল। বিজেপির তিন জন পঞ্চায়েত সদস্য আজ তৃণমূলে যোগদান করলেন। ফলে এই গ্রাম পঞ্চায়েতের সংখ্যাগরিষ্ঠতা পেল তৃণমূল।
এই গ্রাম পঞ্চায়েতের ২৩ টি আসনের মধ্যে ১৪ টি বিজেপি ও ৯ টা তৃণমূলের দখলে ছিল।  এবার বিজেপি থেকে তিন জন তৃণমূলে যোগদান করায় তৃণমূল বেড়ে হল ১২ বিজেপি হল ১১ ।
এর আগে তুফানগঞ্জের বলরামপুর দুই, ভেটাগুড়ি এক ও দুই, মাতালহাট, নয়ারহাট এবং পাড়াডুবি পঞ্চায়েত'ও বিজেপির হাতছাড়া হয়েছে।

*******************

চিকিৎসার জন্য রাজনীতি থেকে সাময়িক বিরতি নিচ্ছেন, তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়।

এক্স হ্যান্ডেলে পোস্ট করে অভিষেক আজ জানিয়েছেন, এই সময় সাধারণ মানুষের চাহিদা আরো ভালভাবে অনুধাবনের সুযোগ পাবেন তিনি। রাজ্য

সরকার দ্রুত এবং আরো ভালভাবে মানুষের সমস্যার সমাধান ও তারা যাতে ন্যায় বিচার পান, তা’ নিশ্চিত করবে বলে অভিষেক মন্তব্য করেছেন।

********************

দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু একই জায়গায় আটকে থাকায় দক্ষিণবঙ্গে ভ্যাপসা গরম ও অস্বস্তিকর আবহাওয়া থেকে এখনই রেহাই মিলবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

পশ্চিমের তিন জেলা–পুরুলিয়া, বাঁকুড়া ও পশ্চিম মেদিনীপুরে আগামী শুক্রবার পর্যন্ত তাপপ্রবাহ জনিত পরিস্থিতির কমোলা সতর্কতা জারী করা হয়েছে। বিভিন্ন জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি হলেও তা’ বর্ষার বৃষ্টি নয়। কলকাতা, হাওড়া ও দুই ২৪ পরগনা বাদে দক্ষিণবঙ্গের সব জেলাতেই ঘর্মাক্ত পরিস্থিতি বজায় থাকবে। তবে, শুক্রবার থেকে পরিস্থিতির কিছুটা পরিবর্তন হবে। প্রায় সব জেলাতেই হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দেওয়া হয়েছে।

এদিকে, উত্তরবঙ্গের জলপাইগুড়ি, আলিপুরদুয়ার এবং কোচবিহারে আগামী দু-দিন থাকছে ভারী থেকে অতিভারী বৃষ্টির লাল সতর্কতা। অন্যান্য জেলাতেও চলবে ভারী বৃষ্টি।

********************

দক্ষিণবঙ্গে চলতি তাপপ্রবাহ জনিত পরিস্থিতিতে রাজ্য সরকার, সব সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয় কর্তৃপক্ষকে প্রয়োজনে সময়সূচী পরিবর্তন করে সুবিধামতো পঠন-পাঠন চালাতে বলেছে। কোথায় কত তাপমাত্রা বা তাপপ্রবাহ জনিত পরিস্থিতি, তা’ বিবেচনা করে স্কুল কর্তৃপক্ষকেই সিদ্ধান্ত নিতে হবে।

স্থানীয় আবহাওয়ার উপরে নির্ভর করে সময় পরিবর্তন করলে পড়াশুনা এবং মিড ডে মিল সরবরাহ করার ক্ষেত্রে যাতে কোন সমস্যা না হয়, শিক্ষা দপ্তর থেকে জারি করা নির্দেশিকায় সেই বিষয়টি দেখার কথাও বলা হয়েছে।

উল্লেখ্য দীর্ঘ গরমের ছুটির পরে গত ১০ তারিখ থেকে রাজ্যের বিদ্যালয়গুলিতে পঠন পাঠন শুরু হয়েছে।

বঙ্গীয় প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আনন্দ হাণ্ডা জানান, এপ্রিল মাস থেকেই দক্ষিণ বঙ্গের কয়েকটি জেলায় প্রাথমিকে সকালে স্কুল চলছে। সর্বত্র সকাল স্কুল চালু রাখার এবং স্কুলে পর্যাপ্ত পাখা, জল এবং ও আর এস ব্যবস্থার পাশাপাশি শিক্ষক সংগঠনের সঙ্গে ধারাবাহিক আলোচনা করার দাবি জানান তিনি।
শিক্ষানুরাগী ঐক্য মঞ্চ'ও এই নির্দেশিকাকে স্বাগত জানিয়েছে। মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী, বাস্তব পরিস্থিতি অনুযায়ী ৬৫ দিনের পরিবর্তে আগের মতো স্কুলে ৮৫ টি ছুটি ফিরিয়ে দেওয়া এবং স্বাধীনভাবে সেই নির্দিষ্ট সংখ্যক ছুটি পরিস্থিতি অনুযায়ী নিতে পারে, তার স্বাধীনতা দেওয়ার দাবি জানান।

********************

মালদার মানিকচকে বছর চারেকের এক শিশুর বার্ড-ফ্লু ভাইরাসে আক্রান্ত হওয়ার ঘটনায় বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও রাজ্য স্বাস্থ্য দপ্তরের এক প্রতিনিধিদল পরিস্থিতি সরেজমিনে খতিয়ে দেখতে আগামীকাল সেখানে যাচ্ছে। এনিয়ে আতঙ্কের কোনো কারণ নেই বলে স্বাস্থ্য দফতর জানিয়েছে। আজ স্বাস্থ্য ভবনের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে, প্রাণিসম্পদ উন্নয়ন বিভাগের আধিকারিকদের সঙ্গে মিলে বিষয়টির দিকে নজর রাখা হচ্ছে। ভাইরাসের সংক্রমণ ছড়িয়েছে বলে এখনও কোনও প্রমাণ পাওয়া যায়নি। আক্রান্ত শিশুটি এখন সুস্থ। তবে, বার্ড ফ্লু সংক্রমণের পরিস্থিতি যাচাই করতে এখনো পর্যন্ত ২৯ হাজার হাঁস মুরগীর পরীক্ষা করা হয়েছে। কিন্তু উদ্বেগের কোনো কারণ নেই। এ'ব্যাপারে আরো পরীক্ষা-নিরিক্ষা চলবে।

জানা গেছে, মানিকচকের শিশুটির বাড়িতে হাঁস মুরগীর খামার আছে। সেখান থেকেই সংক্রমণ ছড়াতে পারে বলে সন্দেহ।

********************

আজ জামাইষষ্ঠী। জামাইদের মঙ্গল কামনায় সকাল থেকেই বিভিন্ন বাড়িতে চলে বিশেষ আচার অনুষ্ঠান। দুপুরে আয়োজন করা হয় ভুরিভোজের। বাজারে

মাছ-মাংস, শাক-সব্জি, ফল সবেরই দাম চড়া। তবু সাধ্যমত চলে জামাইয়ের রসনাতৃপ্তির আয়োজন। রাতেও বিভিন্ন রেস্তোরায় ভিড় লক্ষ্য করা যাচ্ছে। উল্লেখ্য, গৃহস্থ বাড়িতে অনেক মহিলা জ্যৈষ্ঠ মাসের শুক্লপক্ষের ষষ্ঠীতে এদিন ব্রত উদযাপন করে থাকেন।

জামাইষষ্ঠী উপলক্ষ্যে রাজ্য সরকার আজ অর্ধ দিবস ছুটি ঘোষণা করে।

********************

ইডেনে আজ বেঙ্গল প্রো T-20 লিগে পুরুষদের ম্যাচে স্ম্যাশার্স মালদা ছয় উইকেটে মেদিনীপুর উইজার্ডকে হারিয়ে দিয়েছে।

সল্টলেকের যাদবপুর বিশ্ববদ্যালয়ের মাঠে মহিলাদের ম্যাচে হারবার ডায়মন্ডস আট উইকেটে শিলিগুড়ি স্ট্রাইকার্সকে পরাজিত করে।

********************

মোহনবাগান ক্লাবের প্রাক্তন কোচ টি কে চাত্তুনি প্রয়াত। তিনি ক্যান্সারে ভুগছিলেন। বয়স হয়েছিল ৭৬ বছর। ১৯ শো ৯৭ সালে ইস্টবেঙ্গলকে হারিয়ে ফেডারেশন কাপ জিতেছিল সালগাওকার। সেই দলের কোচ ছিলেন চাত্তুনি। পরের বছর তাঁর কোচিংয়ে মোহনবাগান প্রথমবার আই লীগ জয় করেছিল। চাত্তুনি মারডেকা কাপ ফুটবলে ভারতীয় দলের সদস্য ছিলেন। জাতীয় ফুটবল সন্তোষ ট্রফিতে তিনি সার্ভিসেস, গোয়া, মহারাষ্ট্র দলে খেলেছেন। চাত্তুনির মৃত্যুতে ফুটবল মহলে গভীর শোকের ছায়া নেমে এসেছে।

********************

বর্ধমানের অন্ডালের কাজী নজরুল ইসলাম বিমানবন্দর থেকে আন্তর্দেশীয় আরও তিনটি রুটে বিমান চালানোর সিদ্ধান্ত নিয়েছে বেসরকারি বিমান সংস্থা ইন্ডিগো। আগামী ৩০শে আগষ্ট শুরু হবে নতুন পরিষেবা। সপ্তাহে সাতদিন ভুবনেশ্বর, সোম, বুধ, শুক্র ও রবি এই চারদিন বাগডোগরা ও তিনদিন গুয়াহাটির মধ্যে উড়ান চলাচল করবে বলে সংস্থার তরফে জানানো হয়েছে।

********************

UPSC- প্রিলিমিনারি পরীক্ষার জন্য আগামী রবিবার (16.06.2024) মেট্রো রেল, ব্লু লাইনে অতিরিক্ত ট্রেন চালাবে। মেট্রো রেলের মুখ্য  জনসংযোগ

আধিকারিক কৌশিক মিত্র একথা জানিয়ে বলেন, ওই দিন অন্যান্য রবিবার এর মত মোট ১৩০ টি র পরিবর্তে আপ ও ডাউন মিলিয়ে মোট ১৩৮ টি ট্রেন চালানো হবে। প্রথম পরিষেবার সময় ঘন্টা দুয়েক এগিয়ে আনা হলেও শেষ পরিষেবার ক্ষেত্রে সময় সূচি অপরিবর্তিত থাকবে বলে মেট্রো রেল সূত্রের খবর।

*************************************************************